



নম্বর: ৩৫.০৫.০০০০.০০২.৭০.০৫০.২১-১৭২

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেল দিবস, ২০২২ (১৮ অক্টোবর) উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেল দিবস, ২০২২ (১৮ অক্টোবর) উদযাপন উপলক্ষ্যে গত ০৪/১০/২০২২ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে অনুষ্ঠিত সভায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন সকল সংস্থা/কোম্পানির কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতায় বাস্তবায়নধীন সকল প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য আহবান জানানো হচ্ছে।

**রচনার গুণ, শ্রেণি, বিষয়বস্তু ও শব্দ সংখ্যা নিম্নরূপ:**

ক্রম	গুণ	বিষয়	শব্দ সংখ্যা	
১.	ক	প্রাথমিক শ্রেণি (১ম থেকে ৫ম)	শহিদ শেখ রাসেল এর ছেলে বেলা	অনুর্ধ্ব ৫০০ (পাঁচ শত) শব্দ
২.	খ	মাধ্যমিক শ্রেণি (৬ষ্ঠ থেকে ১০ম)	আমাদের ছোট রাসেল সোনা	অনুর্ধ্ব ৮০০ (আট শত) শব্দ
৩.	গ	একাদশ ও তদুর্ধ্ব শ্রেণি	আমি মায়ের কাছে যাবো- শহিদ শেখ রাসেল	অনুর্ধ্ব ১২০০ (এক হাজার দুই শত) শব্দ

**রচনা প্রতিযোগিতার শর্তাবলী:**

- রচনা অবশ্যই অংশগ্রহণকারীর স্বহস্তে লিখিত হতে হবে।
- ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) ও এর আওতাধীন প্রকল্পসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদের লেখা রচনার হার্ডকপি ১৫ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) এর দপ্তরে পৌঁছাতে হবে।
- কোন কারণে হার্ডকপি কর্তৃপক্ষ বরাবর পৌঁছাতে না পারলে স্ক্যান কপি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) এর নির্ধারিত ই-মেইল [dstraco@rthd.gov.bd](mailto:dstraco@rthd.gov.bd) এ এবং সিনিয়র সহকারী সচিব ও কোম্পানি এ্যাসিস্ট্যান্ট এর নির্ধারিত ই-মেইল [sharifi16588@gmail.com](mailto:sharifi16588@gmail.com) এ প্রেরণ যাবে। তবে পরবর্তীতে হার্ডকপি কর্তৃপক্ষ বরাবর পৌঁছাতে হবে।
- প্রমাণক হিসেবে ছাত্র/ছাত্রীদের আইডি কার্ডের ফটোকপি অথবা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে, এবং
- রচনার শেষ পৃষ্ঠায় প্রতিযোগীর স্বাক্ষরসহ মোবাইল নম্বর, পিতা-মাতার নাম, পদবী ঠিকানা উল্লেখ করতে হবে।

প্রাপ্ত সকল রচনাসমূহ যাচাই-বাছাই করার পর প্রতি গুণে ০৩ (তিন) জন প্রতিযোগীকে মেধার ভিত্তিতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ধারণ করত: পুরস্কার ও সনদ প্রদান করা হবে। প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে পুরস্কার ও সনদ প্রদানের স্থান ও সময় মোবাইলে জানিয়ে দেয়া হবে।

(মোহাম্মদ আবদুর রউফ)

যুগ্মসচিব

কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

ফোন: ৫৫১৩৮৪৮৯

ই-মেইল: [roufnikkonm@gmail.com](mailto:roufnikkonm@gmail.com)

**অনুলিপি:** সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল

- ১। জনাব মোঃ শফি উল হক, অতিরিক্ত সচিব, বাজেট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আহবায়ক রচনা প্রতিযোগিতা আয়োজন ও সফল বাস্তবায়ন সংক্রান্ত কমিটি
- ২। প্রকল্প পরিচালক, এমআরটি লাইনস্ (সকল), ডিএমটিসিএল
- ৩। জনাব মোঃ আব্দুর রহমান, সিস্টেম এনালিস্ট, ডিএমটিসিএল (ডিএমটিসিএল-এর ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্তসচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
- ৫। অফিস কপি
- ৬। মাস্টার কপি